

# উত্তরা ব্যাংক লিমিটেড

## রেজিস্টার্ড ও হেড অফিস

৪৭, শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক  
মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০

## ৩৫তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

এই মর্মে নোটিশ দেয়া যাচ্ছে যে, উত্তরা ব্যাংক লিমিটেড এর ৩৫তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৪শে মে, ২০১৮ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ টায় ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরা, রাজদর্শন (হল-৩) এবং সেমিনার হলের গ্রাউন্ড ফ্লোর (হল-৫), জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ অনুষ্ঠিত হবে এবং নিম্নবর্ণিত কাজসমূহ সম্পন্ন করা হবে :

- ২০১৭ সালের ২৪শে মে সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত ৩৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।
- ২০১৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের চূড়ান্ত হিসাব এবং লাভক্ষতি হিসাবসহ পরিচালকমন্ডলী এবং নিরীক্ষকদের রিপোর্ট বিবেচনা ও গ্রহণ।
- ২০১৭ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।
- পরিচালক নির্বাচন/ পুনঃনির্বাচন :  
বিগত ৩৩তম বার্ষিক সাধারণ সভা (AGM)-এ নির্বাচিত ২ (দুই) জন পরিচালক কর্তৃক রঞ্জুকৃত মামলায় পরিচালনা পর্ষদ গঠনের বিষয়টি বিচারায়ী (sub judge) হওয়ায় পরিচালক পদে নির্বাচন/ পুনঃনির্বাচন মুলতবী হবে।
- স্বতন্ত্র পরিচালকের পুনঃনিয়োগ অনুমোদন।
- ২০১৮ সালের জন্য (পরবর্তী বার্ষিক সাধারণ সভার সমাপ্তি পর্যন্ত) নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।
- সভাপতির অনুমতি সাপেক্ষে ন্যূনতম ৭ দিনের আগাম নোটিশে উল্লিখিত অন্যান্য জরুরী বিষয়সমূহ।

ব্যাংকের সম্মানিত শেয়ারহোল্ডারগণকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সবিনয় অনুরোধ জানানো যাচ্ছে।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

ইফতেখার জামান

নির্বাহী মহাব্যবস্থাপক ও সচিব

তারিখঃ ০৭/০৫/২০১৮

### বিঃ দ্রঃ

- রেকর্ড ডেট (Record Date)ঃ ০৩.০৫.২০১৮
- রেকর্ড ডেট (Record Date) এ কোম্পানির শেয়ার রেজিস্টারে অথবা ডিপোজিটরি (CDBL) রেজিস্টারে যে সকল সদস্যের (শেয়ারহোল্ডারের) নাম রেকর্ডভুক্ত থাকবে কেবল তাঁরাই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়া, ভোট প্রদান করা এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন।
- যথাযথ স্ট্যাম্পকৃত প্রকৃত ফর্মসমূহ অবশ্যই সভার কমপক্ষে ৪৮ ঘণ্টা আগে অর্থাৎ ২২.০৫.২০১৮ তারিখ সকাল ১১.০০ টার মধ্যে ব্যাংকের রেজিস্টার্ড অফিসে জমা দিতে হবে।
- সম্মানিত শেয়ারহোল্ডারদের হাজিরা খাতা সভার দিন সকাল ১১.০০ টা পর্যন্ত খোলা থাকবে।
- সম্মানিত পরিচালকদের প্রতিবেদন ও নিরীক্ষকদের আর্থিক প্রতিবেদন সম্বলিত ব্যাংকের বার্ষিক প্রতিবেদন সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই ব্যাংকের ওয়েবসাইটে ([www.uttarabank-bd.com](http://www.uttarabank-bd.com)) প্রদর্শিত হবে।
- যে সকল সম্মানিত বিও (BO) হিসাবধারী শেয়ারহোল্ডারগণ বিও (BO) একাউন্ট সংশ্লিষ্ট অফিসে এবং ফলিও রেকর্ডভুক্ত শেয়ারহোল্ডারগণ ব্যাংকের শেয়ার বিভাগে e-TIN নম্বর (১২ অংক বিশিষ্ট) ব্যাংকের রেকর্ড ডেট (Record Date)এর পূর্বেই হালনাগাদ করেছেন/ জমা দিয়েছেন কেবল তাঁদের একাউন্ট হতে কর আইন ধারা-৫৪, XXXVI, ১৯৮৪ অনুসারে ১০% হারে অন্যথায় ১৫% হারে (ব্যক্তি হিসাবের ক্ষেত্রে) প্রাপ্য লভ্যাংশ হতে কর কর্তন করা হবে।
- মার্চেন্ট ব্যাংক ও ডিপোজিটরি পার্টিসিপেন্টদের (DPs) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেকর্ড ডেট (Record Date) এ উল্লেখকৃত উত্তরা ব্যাংকের সম্মানিত শেয়ারহোল্ডারগণের নাম, বিও আইডি, ধারণকৃত শেয়ারের পরিমাণ ও প্রযোজ্য করের হার, মার্জিন লোনের পরিমাণ, ব্যাংক হিসাব নং, ব্যাংকের নাম, শাখার নাম, শাখার Routing Number এবং এতদ সংশ্লিষ্ট ব্যক্তির যোগাযোগের ঠিকানা ২০/০৫/২০১৮ তারিখের মধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড-এর শেয়ার বিভাগে এক্সেল (Excel) ফরম্যাট-এ (softcopy ও hardcopy) প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। অন্যথায় প্রাপ্য লভ্যাংশ শেয়ারহোল্ডারগণের হিসাবে ক্রেডিট করা হবে।
- বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা নং- এসইসি/ সিএমআরআরসিডি/ ২০০৯-১৯৩/১৫৪ তারিখঃ ২৪.১০.২০১৩ অনুযায়ী কোম্পানির বার্ষিক সাধারণ সভায় যোগদানকারী সম্মানিত শেয়ারহোল্ডারগণকে কোন উপহার বা সুবিধাদি নগদ অর্থে বা অন্য কোন প্রকারে প্রদান করা যাবে না।